তথ্য কমিশন

প্রত্নতত্ত ভবন (তৃতীয় তলা) এফ-৪/এ, আগারগাঁও

প্রশাসনিক এলাকা, ঢাকা

২২/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মরতুজা আহমদ<br>প্রধান তথ্য কমিশনার |
| সভার তারিখ | ২২/০৩/২০২২ খ্রিস্টাব্দ |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | কমিশনের সভাকক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ তে সন্নিবেশিত হলো। |

সভাপতি শুরুতেই উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তথ্য কমিশনের পরিচালক (প্রশাসন) কে আহবান জানান। এ পর্যায়ে তথ্য কমিশনের পরিচালক (প্রশাসন) পর্যায়ক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়সমূহ উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়সমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|

<table>
<tr>
<td>০১।</td>
<td>আউটসোর্সিং এর ১৩টি পদ (০১টি পিয়ন ও ১২টি অফিস সহায়ক) অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজন এবং পদগুলির চুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ;</td>
<td>পরিচালক (প্রশাসন) আউটসোর্সিং এর ১৩টি পদ (০১টি পিয়ন ও ১২টি অফিস সহায়ক) অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজন এবং পদগুলির চুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ বিষয়ে বিগত সভার সিদ্ধান্ত এবং বর্তমান অগ্রগতি উপস্থাপন করেন।<br><br>অস্থায়ীভাবে রাজস্বখাতে ১৩টি পদ সৃজন কার্যক্রম জোরালোভাবে অব্যাহত রাখার জন্য উপপরিচালক (প্রশাসন) কে ফোকাল পয়েন্টের দায়িত্ব দেয়ার বিষয়ে আলোচনা করা হয়। এসংক্রান্ত অগ্রগতি দ্রুত কমিশনকে অবহিত করতে হবে।<br><br>এছাড়া বাস্তবতার নিরিখে কমিশনের স্বাভাবিক কার্যক্রম বজায় রাখার স্বার্থে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২১ ধারা অনুযায়ী কমিশন ০১/০১/২০২২ হতে ৩০/০৬/২০২২ তারিখ পর্যন্ত ১৩টি পদে (১০টি পিয়ন ও ১২টি অফিস সহায়ক) সেবা ক্রয়ের লক্ষে মিথিলা এন্টারপ্রাইজের সাথে চুক্তি নবায়নের বিষয়ে কমিশন একমত পোষণ করেন।<br><br>চুক্তির মেয়াদ শেষ হওয়ার পূর্বে পদগুলিতে সরাসরি নিয়োগ কার্যক্রম সম্পন্ন হলে চুক্তি বাতিল হবে। এছাড়া ০৬ মাসের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন না হলে একইভাবে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হবে মর্মেও আলোচনা হয়।</td>
<td>সিদ্ধান্ত-১: সচিব কমিটির সুপারিশ গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের বিষয়ে এবং অস্থায়ীভাবে রাজস্বখাতে পদসৃজন কার্যক্রম জোরালোভাবে অব্যাহত রাখতে হবে। উপপরিচালক (প্রশাসন) কে ফোকাল পয়েন্টের দায়িত্ব দেয়া হলো এবং এসংক্রান্ত অগ্রগতি দ্রুত কমিশনকে অবহিত করতে হবে।<br><br>সিদ্ধান্ত-২: বাস্তবতার নিরিখে কমিশনের স্বাভাবিক কার্যক্রম বজায় রাখার স্বার্থে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২১ ধারা অনুযায়ী ০১/০১/২০২২ হতে ৩০/০৬/২০২২ তারিখ পর্যন্ত ১৩টি পদে (১০টি পিয়ন ও ১২টি অফিস সহায়ক) সেবা ক্রয়ের লক্ষে মিথিলা এন্টারপ্রাইজের সাথে চুক্তি নবায়নের সিদ্ধান্ত প্রদান করা হলো। চুক্তির মেয়াদ শেষ হওয়ার পূর্বে পদগুলিতে সরাসরি নিয়োগ কার্যক্রম সম্পন্ন হলে চুক্তি বাতিল হবে। এছাড়া ০৬ মাসের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন না হলে একইভাবে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হবে।</td>
<td>সচিব, তথ্য কমিশন<br><br>পরিচালক (প্রশাসন)<br><br>উপপরিচালক (প্রশাসন)</td>
</tr>
<tr>
<td>০২।</td>
<td>তথ্য কমিশনের ১১জন কর্মকর্তা ও কর্মচারীর চাকরিকাল ১০ বছর পূর্তিতে উচ্চতর গ্রেড প্রদান;</td>
<td>পরিচালক (প্রশাসন) জানান যে, তথ্য কমিশনের ১১জন কর্মকর্তা ও কর্মচারির উচ্চতর গ্রেড প্রাপ্তি সংক্রান্ত আবেদন পাওয়া গিয়েছে। তাদের যোগদানের তারিখ হতে চাকরিকাল ১০ বছর অতিক্রম হওয়ায় এবং কোন পদোন্নতি না পাওয়ায় তারা পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্তির জন্য আবেদন দাখিল করেছেন। তাদের উচ্চতর গ্রেড প্রাপ্তি সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি সংযুক্ত প্রতিবেদনে সন্নিবেশিত আছে।<br><br>তথ্য কমিশনের কর্মকর্তা ও কর্মচারীদের উচ্চতর গ্রেড প্রদানের বিষয়ে পরিচালক (প্রশাসন) সভাকে আরো অবহিত করেন যে, জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭ এর (১) নং অনুচ্ছেদ অনুযায়ী “কোন স্থায়ী কর্মচারি পদোন্নতি ব্যতিরেকে একই পদে ১০ (দশ) বৎসর পূর্তিতে এবং চাকরি সন্তোষজনক হওয়া সাপেক্ষে, সয়ংক্রিয়ভাবে ১১তম বৎসরে পরবর্তী উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্য হইবেন।”</td>
<td>সিদ্ধান্ত-১। তথ্য কমিশনের নিম্নবর্ণিত ০৮জন কর্মকর্তা ও কর্মচারীকে তাদেরকে চাকরির ১০ (দশ) বছর পূর্তির পরবর্তী তারিখ হতে উচ্চতর গ্রেড প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো।
<table>
<tr><td>০১</td><td>জনাব মোঃ গোলাম কিবরিয়া, ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য কমিশন</td></tr>
<tr><td>০২</td><td>জনাব লাবনী সরকার ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য কমিশন</td></tr>
<tr><td>০৩</td><td>জনাব মুন্না রানী শর্মা ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য কমিশন</td></tr>
<tr><td>০৪</td><td>জনাব মোঃ মিজানুর রহমান, কম্পিউটার অপারেটর, তথ্য কমিশন</td></tr>
</table></td>
<td>সচিব, তথ্য কমিশন<br><br>পরিচালক (প্রশাসন)<br><br>উপপরিচালক (প্রশাসন)</td>
</tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত জাতীয় বেতন স্কেল, ২০১৫ স্পষ্টীকরণ সংক্রান্ত পরিপত্র নং- ০৭.০০.০০০০.<br>১৬১.০০.০০২.১৬(অংশ-১)-২৩২ তারিখ- ২১/০৯/২০১৬ মাধ্যমে স্বয়ংক্রিয় এর নিম্নরুপ ব্যাখ্যা প্রদান করা হয়েছে: বিভাগীয় পদোন্নতি কমিটি (ডিপিসি) ব্যতিরেকে প্রযোজ্য ক্ষেত্রে মন্ত্রণালয়ের সচিব/ নিয়োগকারী কর্তৃপক্ষ অথবা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা এর অনুমোদন গ্রহণপূর্বক অফিস আদেশ জারীর মাধ্যমে উচ্চতর গ্রেড প্রদানের বিষয়টি নিস্পত্তি করিতে হইবে।<br><br>এছাড়া তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি বিধিমালা, ২০১১ এর ১০নং বিধিতে বেতন ও ভাতা বিষয়ে উল্লেখ করা হয়েছে যে, “সরকার বিভিন্ন সময়ে যেইরূপ নির্ধারণ করিবে কর্মচারীদের বেতন ও ভাতা সেইরুপ হইবে।”<br><br>ইতোমধ্যে তথ্য কমিশনের ১১ জন কর্মকর্তা ও কর্মচারী উচ্চতর গ্রেড প্রাপ্তির জন্য আবেদন দাখিল করেছেন।<br><br>সে মতে আবেদনকারী ১১ জন কর্মচারীর চাকরিকাল ১০ বছর পূর্তিতে পদোন্নতি না হওয়ায় ১১তম বৎসরে পরবর্তী উচ্চতর গ্রেড প্রদানের জন্য তাদের সার্ভিস বুক এবং ব্যক্তিগত নথি পর্যালোচনা করা হয়।<br><br>পর্যালোচনায় দেখা যায়, আবেদনকারী জনাব আসমা আক্তার, লাইব্রেরীয়ানের ০৩ বছরের এসিআর এ বিরুপ মন্তব্য রয়েছে যা এখনও নিস্পত্তি হয়নি। বিষয়টি নিস্পত্তিক্রমে পরবর্তীতে তাকে উচ্চতর গ্রেড প্রদান বিবেচনা করা হবে। এছাড়া আবেদনকারী জনাব মোঃ কহিনুর ইসলাম, হিসাবরক্ষক এবং জনাব মোঃ মোক্তার হোসেন, ডেসপাস রাইডার এর নিয়োগপ্রাপ্ত বেতন স্কেল ও গ্রেড (যথাক্রমে বেতন গ্রেড ১১ ও ১৭) যা তথ্য কমিশনের পদমঞ্জরি পত্র ও অর্থ বিভাগের বেতন নির্ধারণী পত্র অনুযায়ী অনুমোদিত বেতন স্কেল ও গ্রেড (যথাক্রমে বেতন গ্রেড ১৩ ও ১৮) এর সাথে তারতম্য রয়েছে। বিষয়টি পর্যালোচনাপূর্বক আগামী ০১ মাসের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য ০৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা যেতে পারে মর্মে আলোচনা হয়।<br><br>অবশিষ্ট ০৮ জন কর্মকর্তা ও কর্মচারিকে তাদেরকে চাকরির ১০ (দশ) বছর পূর্তির পরবর্তী তারিখ হতে উচ্চতর গ্রেড প্রদানের বিষয়ে কমিশন একমত পোষণ করেন।</td>
<td><table>
<tr><td>০৫</td><td>জনাব আবু রায়হান<br>ব্যক্তিগত সহকারী, তথ্য কমিশন</td></tr>
<tr><td>০৬</td><td>জনাব শারমিন সুলতানা<br>উচ্চমান সহকারী, তথ্য কমিশন</td></tr>
<tr><td>০৭</td><td>জনাব মোঃ মামুন<br>ডাটা এন্ট্রি অপারেটর, তথ্য কমিশন</td></tr>
<tr><td>০৮</td><td>জনাব মৌ রানী বিশ্বাস<br>ডাটা এন্ট্রি অপারেটর, তথ্য কমিশন</td></tr>
</table><br>সিদ্ধান্ত: ০২। জনাব মোঃ কহিনুর ইসলাম, হিসাবরক্ষক এবং জনাব মোঃ মোক্তার হোসেন, ডেসপাস রাইডার এর এর চাকরি ১০বছর পূর্তি হয়েছে। কিন্তু তাদের নিয়োগপ্রাপ্ত বেতন স্কেল ও গ্রেড (যথাক্রমে বেতন গ্রেড ১১ ও ১৭) যা তথ্য কমিশনের পদমঞ্জরি পত্র ও অর্থ বিভাগের বেতন নির্ধারণী পত্র অনুযায়ী অনুমোদিত বেতন স্কেল ও গ্রেড (যথাক্রমে বেতন গ্রেড ১৩ ও ১৮) এর সাথে তারতম্য থাকার বিষয়টি পর্যালোচনান্তে আগামী ০১ মাসের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য ০৩ সদস্য বিশিষ্ট নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:<br><br>ক) পরিচালক (গ.প্র.প্র.), তথ্য কমিশন—আহবায়ক<br><br>খ) উপপরিচালক (প্রশাসন), তথ্য কমিশন--- সদস্য<br><br>গ) সহকারী পরিচালক (হি: ও বা:), তথ্য কমিশন--- সদস্য সচিব<br><br>এছাড়া উক্ত তারমত্য সংশোধন/ নিস্পত্তি হওয়ার পর পরবর্তীতে উচ্চতর গ্রেড প্রদান বিষয়টি বিবেচনা করা হবে।<br><br>সিদ্ধান্ত: ০৩। জনাব আসমা আক্তার, লাইব্রেরীয়ানের চাকরি ১০ দশ বছর পূর্তি হলেও তার ০৩ বছরের এসিআর-এ বিরুপ মন্তব্যের বিষয়টি নিস্পত্তির পর পরবর্তীতে ১০ দশ বছর পূর্তির পরবর্তী উচ্চতর গ্রেড প্রদানের বিষয়টি বিবেচনা করা হবে।</td>
<td></td>
</tr>
<tr>
<td>০৩।</td>
<td>প্রোগ্রামার পদে</td>
<td>জনাব মোঃ তরিকুল ইসলাম গত ০১লা</td>
<td>সিদ্ধান্ত-০১। নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত</td>
<td>সচিব, তথ্য</td>
</tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td>পদোন্নতি প্রাপ্তির জন্য জনাব মোঃ তরিকুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, তথ্য কমিশনের আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ:</td>
<td>ফেব্রুয়ারি ২০১৬ তারিখ তথ্য কমিশনে সহকারী প্রোগ্রামার হিসেবে যোগদান করেন। ০১লা ফেব্রুয়ারি, ২০২২ তারিখে তথ্য কমিশনে তার চাকুরিকাল ০৬ (ছয়) বছর অতিক্রান্ত হয়েছে। বিধায়, তথ্য কমিশন প্রোগ্রামার এর শূন্য পদে তাকে পদোন্নতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি প্রধান তথ্য কমিশনার মহোদয় বরাবরে অনুরোধ জানিয়ে আবেদন দাখিল করেছেন।<br><br>তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি বিধিমালা, ২০১১ অনুয়ায়ী ‘প্রোগ্রামার’ পদটি The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 এর সংশোধিত কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর যোগ্যতা অনুযায়ী পদোন্নতির মাধ্যমে পূরণের বিধান রয়েছে। পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি/প্রেষণে নিয়োগের মাধ্যমে পূরণের বিধান রয়েছে। ২০১৯ সাল পযর্ন্ত তথ্য কমিশনের ‘প্রোগ্রামার’ এর শূন্য পদে পদোন্নতিযোগ্য প্রার্থী না থাকায় কমিশন সভার সিদ্ধান্ত মোতাবেক পদটিতে নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক সরাসরি পূরণের জন্য ২টি ধাপে (২০১৭ সালে এবং ২০১৯ সালে) নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। তদপ্রেক্ষিতে বর্তমানে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী প্রোগ্রামার পদে ২টি ধাপে মোট ১৭৪টি আবেদন পাওয়া গিয়েছে। প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই সম্পন্ন হয়েছে, লিখিত পরীক্ষার কাযক্রম প্রক্রিয়াধীন ছিল যা কোভিড-১৯ এর কারণে স্থগিত করা হয়, বর্তমানে ছাড়পত্র গ্রহণ কাযক্রম তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন থাকায় নিয়োগ প্রক্রিয়া স্থগিত রয়েছে।<br><br>২০১৭ এবং ২০১৯ সালে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের সময় আবেদনকারী প্রোগ্রামার পদের পদোন্নতির জন্য নির্ধারিত চাকরিকাল অতিক্রম করেননি। কিন্তু ০১লা ফেব্রুয়ারি, ২০২২ তারিখে তথ্য কমিশনের সহকারী প্রোগ্রামার জনাব মোঃ তরিকুল ইসলাম চাকুরিকাল ০৬ বছর অতিক্রম করেছেন। বিধায়, কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী তিনি প্রোগ্রামার পদে পদোন্নতি প্রাপ্তির জন্য আবেদন করছেন।<br><br>কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী তিনি প্রোগ্রামার পদে পদোন্নতির অগ্রাধিকার রয়েছে।</td>
<td>মোতাবেক “কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষ যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন” এবং তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি বিধিমালা, ২০১১ তে পদোন্নতির সুযোগ থাকায় বিগত ১৩ এপ্রিল ২০১৭ এবং বিগত ০৮ জুলাই ২০১৯ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত প্রোগ্রামার পদটি পদোন্নতির মাধ্যমে পূরণ করার বিষয়ে সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সিদ্ধান্ত-২। প্রোগ্রামার পদে পদোন্নতি প্রদানের কার্যক্রম গ্রহণের জন্য তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি বিধিমালা, ২০০৯ এবং সরকারী বিধি মোতাবেক এতদসংক্রান্ত নিম্নক্তো কমিটি গঠন করা হলো:<br><br>
<table>
<tr><th>ক্রমিক নং</th><th colspan="2">নমুনা কমিটি (জনপ্রশাসন মন্ত্রণালয়)</th></tr>
<tr><td>০১।</td><td>সচিব, তথ্য কমিশন</td><td>সভাপতি</td></tr>
<tr><td>০২।</td><td>জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্নসচিব পর্যায়ের একজন প্রতিনিধি</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৩।</td><td>অর্থ মন্ত্রণালয়ের যুগ্নসচিব পর্যায়ের একজন প্রতিনিধি</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪।</td><td>তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সিনিয়র সিস্টেম এনালিস্ট/ সিস্টেম এনালিস্ট</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫।</td><td>পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন</td><td>সদস্য সচিব</td></tr>
</table>
</td>
<td>কমিশন<br><br>পরিচালক (প্রশাসন)<br><br>উপপরিচালক (প্রশাসন)</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | এছাড়া নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক "কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষ যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন" বিধায় বর্তমানে চাকরিকাল অতিক্রম করে পদোন্নতির যোগ্য প্রার্থী থাকায় বিগত ১৩ এপ্রিল ২০১৭ এবং বিগত ০৮ জুলাই ২০১৯ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত প্রোগ্রামার পদটি পদোন্নতির মাধ্যমে পূরণ করার বিষয়ে কমিশন একমত পোষণ করেন।<br>এছাড়া প্রোগ্রামার পদে পদোন্নতি প্রদানের কার্যক্রম গ্রহণের জন্য বিধি মোতাবেক কমিটি গঠন করার বিষয়ে আলোচনা হয়। | | |
| ০৪। | তথ্য কমিশনের স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীগণের জ্যেষ্ঠতার তালিকা নির্ধারণ সংক্রান্ত: | সভায় তথ্য কমিশনের স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীগণের জ্যেষ্ঠতার তালিকা নির্ধারণের গুরুত্ব তুলে ধরা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নন ক্যাডার কর্মকর্তা ও কর্মচারি জ্যেষ্ঠতা নির্ধারণ প্রজ্ঞাপন এবং তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারি) চাকরি বিধিমালা, ২০১১ অনুযায়ী তথ্য কমিশনের স্থায়ী কর্মকর্তা ও কর্মচারিগণের সমন্বিত জ্যেষ্ঠতা নির্ধারণ করা প্রয়োজন। সে লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারিগণের নিয়োগ আদেশ, যোগদানপত্র ও অন্যান্য কাগজপত্রাদি পর্যালোচনাক্রমে জ্যেষ্ঠতা নির্ধারণ সংক্রান্ত খসড়া তালিকা প্রস্তুত করতে হবে। উক্ত তালিকার উপর বিজ্ঞপ্তি জারীর মাধ্যমে সংশ্লিষ্টদের মতামত নিয়ে চূড়ান্ত করা যেতে পারে মর্মে আলোচনা হয়। | জ্যেষ্ঠতা নির্ধারণ সংক্রান্ত খসড়া তালিকার উপর যথানিয়মে বিজ্ঞপ্তি জারীর মাধ্যমে সংশ্লিষ্টদের মতামত গ্রহণপূর্বক পরবর্তীতে কমিশন সভায় জ্যেষ্ঠতা নির্ধারণ তালিকা চূড়ান্ত অনুমোদন করা হবে। | পরিচালক (প্রশাসন)<br><br>উপপরিচালক (প্রশাসন)<br><br>সহকারি পরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন থেকে প্রাপ্ত সংশোধিত প্রাক্কলন অনুযায়ী তথ্য কমিশন ভবন নির্মাণ প্রকল্পের জন্য আসবাবপত্র ক্রয় বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ; | সভায় প্রকল্প পরিচালক বলেন, ডিপিপিতে OTM পদ্ধতিতে ভবনের আসবাবপত্র ক্রয়ের জন্য ৩২৫.০০ লক্ষ (তিন কোটি পঁচিশ লক্ষ) টাকা বরাদ্দ রয়েছে। গত ১৫/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ বন শিল্প উন্নয়ন কর্পোরেশন এর সিএসপি FB/বি: আস-০২(১)/২০২১-২২/৫৫৮ তারিখ-১৭/০৩/৩০২২ খ্রিঃ স্মারকমূলে প্রকল্পের আসবাবপত্রের স্পেসিফিকেশনসহ ২,৭৭,০৫,৭৩৭.০০ টাকার প্রাক্কলন দাখিল করেছেন। দাখিলকৃত স্পেসিফিকেশন যাচাই-বাছাই করা হয়েছে এবং গত কমিশন সভার আলোচনার ভিত্তিতে যথাযথভাবে সংশোধন করা হয়েছে। তিনি আরো বলেন মে, ২০২২ এর মধ্যে আসবাবপত্র সরবরাহ প্রাপ্তির লক্ষ্যে পিপিআর- ২০০৮ এর বিধি ৭৪ (সরকারি ক্রয় পদ্ধতি) এবং ধারা ৭৬(১)(ছ) মোতাবেক দ্রুত কার্যাদেশ দেয়া প্রয়োজন। তথ্য কমিশন একটি সংবিধিবদ্ধ সরকারি প্রতিষ্ঠান এবং বন শিল্প উন্নয়ন কর্পোরেশন সরকারী বানিজ্যিক প্রতিষ্ঠান বিধায় পিপিআর- ২০০৮ এর বিধি ৭৪ (সরকারি ক্রয় পদ্ধতি) এবং ধারা ৭৬(১)(ছ) মোতাবেক বাংলাদেশ বন শিল্প উন্নয়ন কর্পোরেশন হতে যেকোন ধরনের উৎপাদিত দ্রব্যাদি ক্রয় করতে টেন্ডার বা কোটেশনের প্রয়োজন হয়না। এছাড়া সরকারী প্রতিষ্ঠানে উৎপাদিত পন্য অগ্রাধিকার ভিত্তিতে ক্রয়ের জন্য একনেক সভার সিদ্ধান্ত রয়েছে। BFIDC কর্তৃক দাখিলকৃত আসবাপত্রের প্রাক্কলন প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট কমিটি যাচাই বাছাই করে প্রতিবেদন দিয়েছেন। সভায় উপস্থিত সকলে BFIDC থেকে আসবাবপত্র ক্রয়ের বিষয়ে একমত পোষণ করেন। | সিদ্ধান্ত-১: তথ্য কমিশন ভবন নির্মাণ প্রকল্পের আসবাবপত্র ক্রয়ের জন্য BFIDC কর্তৃক দাখিলকৃত প্রাক্কলন অনুসারে প্রকল্প পরিচালক ২,৭৭,০৫,৭৩৭.০০ (দুই কোটি সাতাত্তর লক্ষ পাঁচ হাজার সাতশত সাইত্রিশ) টাকার কার্যাদেশ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>সিদ্ধান্ত-২: Day Care Centre এর প্লাস্টিক আইটেম সমূহ যথানিয়মে OTM পদ্ধতিতে ক্রয় করা হবে। | প্রকল্প পরিচালক |

অত:পর, সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মরতুজা আহমদ
প্রধান তথ্য কমিশনার

স্মারক নম্বর: ১৫.৫১.০০০০.৫০১.১৭.০০৪.২০.৯৯

তারিখ: ৯ চৈত্র ১৪২৮
২৩ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, পরিচালক(প্রশাসন, অর্থ ও আইটি) এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

২) পরিচালক , পরিচালক (গবেষণা, প্রকাশনা ও প্রশিক্ষণ) এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৩) প্রকল্প পরিচালক, তথ্য কমিশন ভবন নির্মাণ, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৪) একান্ত সচিব, প্রধান তথ্য কমিশনার এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৫) একান্ত সচিব, তথ্য কমিশনার এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৬) সহকারী পরিচালক, সহকারী পরিচালক(প্রশিক্ষণ), তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৭) একান্ত সচিব, তথ্য কমিশনার এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৮) সহকারী পরিচালক, হিসাব ও বাজেট শাখা, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৯) গবেষণা কর্মকর্তা, গবেষণা কর্মকর্তা এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
১০) জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ কর্মকর্তা এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
১১) সহকারী প্রোগ্রামার, আইটি শাখা, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

মো: মাহবুবুল আহসান
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)